দুইটি হৃদয়ে একটি আসন পাতিয়া বসো হে হৃদয়নাথ ।
কল্যাণকরে মঙ্গলডোরে বাঁধিয়া রাখো হে দোঁহার হাত ॥
প্রাণেশ, তোমার প্রেম অনন্ত   জাগাক হৃদয়ে চিরবসন্ত,
যুগল প্রাণের মধুর মিলনে করো হে করুণনয়নপাত ॥
সংসারপথ দীর্ঘ দারুণ,   বাহিরিবে দুটি পান্থ তরুণ,
আজিকে তোমার প্রসাদ-অরুণ   করুক প্রকাশ নব প্রভাত ।
তব মঙ্গল, তব মহত্ত্ব,   তোমারি মাধুরী, তোমারি সত্য—
দোঁহার চিত্তে রহুক নিত্য নব নব রূপে দিবস-রাত ॥

Parjaay: Anushthanik, Taal: Ektaal (3-3), Raag: Sahana

Visit www.geetabitan.com for notation and other detail